

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাহাজ্জুদ সালাত আদায়কারীর জন্য বৈধ রয়েছে যে, তিনি তার নির্ধারিত নফল ইবাদত শেষ করার পর সুবহে সাদিক উদিত হওয়ার আগে কাত হয়ে শয়ন করবেন

ذِكْرُ إِبَاحَةِ الإضْطِجَاعِ لِلْمُتَهَجِّدِ بَعْدَ فَرَاغِهِ مِنْ وِرْدِهِ قَبْلَ طُلُوعِ الْفَجْرِ

আরবী

2627 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثُمَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ قَالَ: حدثنا سفيان عن سلمة بن كهيل عن كُريْب عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: بِتُّ عِنْدَ خَالَتِي مَيْمُونَةَ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ اللَّيْلِ فَقَضَى حَاجَتَهُ ثُمَّ عَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ ثُمَّ نَامَ ثُمَّ قَامَ فَأَتَى الْقِرْبَةَ فَأَطْلَقَ شِنَاقَهَا ثُمَّ تَوَصَّنَا وُضُوءًا بَيْنَ الْوُضُوبَيْنِ لَمْ يُكْثِرُ وَقَدْ أَبْلَغَ ثُمَّ قَامَ فَصَلَّى فَقُمْتُ فَتَمَطَّيْتُ كَرَاهِيَةَ أَنْ يَرَى أَنِّي كُنْتُ أَرْقُبُهُ فَقُمْتُ مَلَيْ وَمَلَيْ فَقُمْتُ عَشْرَةً كَرَاهِيَةَ أَنْ يَرَى أَنِّي كُنْتُ أَرْقُبُهُ فَقُمْتُ صَلَاةً وَقَدْ أَبْلَغَ ثُمَّ اَلْمُ فَقَامَ يُصِلِّي فَقُمْتُ عَنْ يَمِينِهِ فَتَتَامَّتُ صَلَاةً وَتَقَامَ لَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثَ عَشْرَةَ رَكُعْةً ثُمَّ اصْطَجَعَ فَنَامَ حَتَّى نَفَخَ وَكَانَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثَ عَشْرَةَ رَكُعْةً ثُمَّ اصْطَجَعَ فَنَامَ حَتَّى نَفَخَ وَكَانَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثَ عَشْرَةَ رَكُعْةً ثُمَّ اصْطَجَعَ فَنَامَ حَتَّى نَفَخَ وَكَانَ فِي دُعَلِقِ وَكَانَ فِي تُعَرْفَعَ أَنُونَ الْمَامِي نُورًا وَفَي عَصَرِي يُورًا وَعَنْ يَمِينِي نُورًا وَعَنْ يَسِادِي الْجُعَلْ فِي قَلْبِي نُورًا وَقَوْقِي نُورًا وَعَنْ يَمِينِي نُورًا وَعَنْ يَسِادِي الْمُؤَى وَلَا عَنْ يَمِينِي نُورًا وَعَنْ يَسِادِي الْمَامِي نُورًا وَخَلْفِي نُورًا وَعَنْ يَمِينِي نُورًا وَعَنْ يَسَادِي وَلَا عَلْمَ فَي اللَّهُمْ لَي نُورًا وَعَنْ يَمِينِي وَلَالْمَ لَى اللَّهُمُ لَى الْقَلْمُ لَورًا وَعَنْ يَسِادِي وَلَا عَلْمَ اللَّهُ عَلَيْهِ وَلَا الْمَعْنَى وَلَا اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ الْمَالَى اللَّهُ عَلَى الْمَعْفَى وَلَكُونَ اللَّهُ عَلَى ا

الراوي: ابن عبّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2627 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1226): ق.

বাংলা



২৬২৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি একবার আমার খালা মাইমূনা রাদ্বিয়াল্লাহু আনহার বাড়িতে রাত্রি যাপন করি। এই রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঠে তাঁর হাজত পূরণ করেন। তারপর তিনি তার চেহারা ও হাত ধৌত করেন তারপর তিনি ঘুমিয়ে যান। তারপর তিনি আবার ঘুম থেকে উঠে মশকের কাছে আসেন এবং তার মুখ খুলেন অতঃপর তিনি মাঝারি রকমের ওয়ু করেন; অতিরিক্ত করেননি তবে পরিপূর্ণভাবে ওয়ু করেন। তারপর তিনি দাঁড়িয়ে সালাত আদায় করেন। অতঃপর আমিও উঠি এবং আড়মোড় ভাঙ্গি এই শংকায় যে, তিনি আমাকে দেখে ফেলবেন যে, আমি তাঁকে পর্যবেক্ষন করছি। আমি উঠে গিয়ে ওয়ু করি।

তিনি সালাত আদায় করার জন্য দাঁড়ান অতঃপর আমি তাঁর বাম পাশে দাঁড়াই। তখন তিনি আমার কান ধরে ঘুরিয়ে তাঁর ডান পাশে নেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সালাত ১৩ রাকা আত পূর্ণ হয়। তারপর তিনি শুয়ে ঘুমিয়ে যান এবং নাক ডাকেন। তিনি যখন ঘুমাতেন, নাক ডাকতেন। তারপর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু এসে তাঁকে সালাতের কথা জানান। তখন তিনি উঠে যান এবং সালাত আদায় করেন। কিন্তু নতুন করে ওয়্ করেনি। তিনি দু আ করতেন: وَعَنْ يَسَارِي نُورًا وَفَوْقِي نُورًا وَقَوْقِي نُورًا وَأَمَامِي نُورًا وَخَلْفِي نُورًا وَقَامِ لَي نُورًا وَقَوْقِي نُورًا وَقَوْقِي نُورًا وَتَحْتِي نُورًا وَأَمَامِي نُورًا وَخَلْفِي نُورًا وَأَعْظِمْ لِي نُورًا وَقَوْقِي نُورًا وَتَحْتِي نُورًا وَأَمَامِي نُورًا وَخَلْفِي نُورًا وَأَعْظِمْ لِي نُورًا وَهَوْقِي نُورًا وَقَامِ করেন দিন, আমার দিন, আমার বামে নূর দিন, আমার তানে নূর দিন, আমার বামে নূর দিন, আমার উপরে নূর দিন, আমার নিচে নূর দিন, আমার সামনে নূর দিন, আমার পিছনে নূর দিন, আমাকে মহান নূর দিন)।

কুরাইব রহিমাহুল্লাহ বলেন, "অতঃপর আমি আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুর কোন এক সন্তানের সাথে সাক্ষাত করি। তিনি আমাকে অনুরুপ হাদীস বর্ণনা করেন এবং তিনি আরো উল্লেখ করেন, وبشري (আমার স্নায়ু, গোসত, রক্ত, চুল ও চামড়ায় নূর দিন), এবং তিনি আরো দুটি বৈশিষ্ট্যের কথা উল্লেখ করেছেন।"[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৬৩১৬; সহীহ মুসলিম: ৭৬৩; শামায়েলে তিরমিযী: ২৫৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৮৬২; আবূ দাউদ: ৫০৪৩; ইবনু মাজাহ: ৫০৮; নাসাঈ: ২/২১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন